

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের দপ্তর



মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর

স্থাপিত: ১৯৪৮ খ্রি.

কলেজ কোড: [উচ্চ মাধ্যমিক-৫৫০০] [জাতীয় বিশ্ববিদ্যালয়- ৬৩০১]

ফোন: +৮৮০২৪৭৮৮১০১২৪, ওয়েব-সাইট: www.mgc.ac.bd

EIIN: 110785

E-mail: gnc_edu@yahoo.com, mgc2020edu@gmail.com



তারিখ: ১৬ মার্চ ২০২২ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি :


এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর-এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে নিম্নোক্ত বিষয়সমূহে ভর্তির জন্য শিক্ষার্থীদের কাছ থেকে প্রাথমিক আবেদন আহ্বান করা হচ্ছে।

ভর্তির বিষয়সমূহ:

কলা	সামাজিক বিজ্ঞান	ব্যবসায় প্রশাসন
বাংলা, দর্শন	রাষ্ট্রবিজ্ঞান	ব্যবস্থাপনা

আবেদনের যোগ্যতা এবং ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এর Prospectus/Important Notice থেকে জানা যাবে।

এ ভর্তির প্রাথমিক আবেদন ১৬ মার্চ বিকাল ৪:০০টা থেকে ২৯ মার্চ, ২০২২ রাত ১২:০০টা পর্যন্ত করা যাবে। প্রাথমিক আবেদন ফরম পূরণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions/Masters Tab এ গিয়ে **Apply Now** (Masters Preli. Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে উল্লিখিত তথ্য ছক পূরণ করতে হবে (College Code: 6301, College Name: Madaripur Govt. College, Madaripur)। একইভাবে সতর্কতার সাথে ছবি আপলোড করতে হবে এবং সঠিক মোবাইল নম্বর দিতে হবে। উল্লেখ্য, ভুল ছবি আপলোড করা হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল হবে। সতর্কতার সাথে তথ্য ছক পূরণ করে এবং ছবি আপলোড করে **Submit Application** অপশনে ক্লিক করার পর pdf ফরম্যাটে ফরমটি ডাউনলোড করে একটি রঙিন প্রিন্ট কপি পরবর্তী কাজের জন্য সংরক্ষণ করতে হবে।

❖ এরপর Dutch-Bangla Bank Rocket  সার্ভিস এ প্রাথমিক আবেদন ফি'স বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা দিতে হবে। সে ক্ষেত্রে Enter Biller ID: এর স্থানে 4091 (Madaripur Govt College Masters) ব্যবহার করতে হবে এবং Enter Bill Number এর স্থানে অনলাইন আবেদন ফরমের **Admission Roll** (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) বসিয়ে পেমেন্ট সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, বিল (ফি) পেমেন্টের পর পেমেন্ট রিসিট সংগ্রহ করতে হবে।

❖  সার্ভিস এ Bill Number এর স্থলে Admission Roll ভুল এন্ট্রি দিলে কলেজ কর্তৃক শিক্ষার্থীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা যাবে না। সে জন্য অধিকতর সতর্কতার সাথে তথ্য এন্ট্রি করতে হবে।

শিক্ষার্থীর প্রাথমিক আবেদনপত্র জমাদানে করণীয়:

১। আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকার পেমেন্ট রিসিটসহ কাগজপত্রসংযুক্ত করে আবেদন স্ব স্ব বিষয়ের বিভাগে অবশ্যই জমা দিতে হবে। অতপর: কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নের পর শিক্ষার্থী আবেদনপত্রে প্রদত্ত মোবাইল নম্বরে আবেদন নিশ্চয়ন করা হয়েছে মর্মে একটি এসএমএস পাবে।

**** প্রতিদিনের জমাকৃত প্রাথমিক আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র বেলা ৩ ঘটিকার মধ্যে কম্পিউটার শাখায় প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সম্মানিত বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।**



(প্রফেসর মোঃ জামান মিয়া)

আইডি নং-১৮৬২

অধ্যক্ষ

প্রফেসর মোঃ জামান মিয়া
মাদারীপুর সরকারি কলেজ আইডি নং-১৮৬২
মাদারীপুর।


১৬/৩/২২

মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।